

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 14-10-2024**

**Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী প্রফেসর ডক্টর মানিক সাহা বলেছেন বিকশিত ভারতের অঙ্গ হিসাবে ২০৪৭ সালের মধ্যে রাজ্যের স্বাস্থ্য, কৃষি, শিক্ষা, ক্রীড়া সহ বিভিন্ন ক্ষেত্রে পরিকাঠামোর মানদণ্ড উন্নয়নের জন্য নীতি নির্দেশিকা মেনে কাজ করছে রাজ্য সরকার।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা আজ আগরতলার মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ের সামনে আয়োজিত মাঘের গমন কার্নিভালের উদ্বোধন করেন।
- (৩) কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গড়করি আজ বলেছেন যে সারা দেশে ইথানল জৈব-জ্বালানির ৪০০টি পাম্প স্থাপন করা হচ্ছে।
- (৪) কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে মহারাষ্ট্রের বিরুদ্ধে ত্রিপুরা লিড নিয়ে সুবিধাজনক অবস্থায় রয়েছে।

\*\*\*\*\*

\*

**CM GB Hospital :**

মুখ্যমন্ত্রী প্রফেসর ডক্টর মানিক সাহা বলেছেন বিকশিত ভারতের অঙ্গ হিসাবে ২০৪৭ সালের মধ্যে রাজ্যের স্বাস্থ্য, কৃষি, শিক্ষা, ক্রীড়া সহ বিভিন্ন ক্ষেত্রে পরিকাঠামোর মানদণ্ড উন্নয়নের নীতি নির্দেশিকা মেনে কাজ করছে রাজ্য সরকার। আজ আগরতলার গোবিন্দ বল্লভ পন্থ হাসপাতালের ৬৩ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে

কার্ল ল্যান্ডস্টেইনার অডিটরিয়াম আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী। তিনি আজ নবনির্মিত সুপার স্পেশালিটি ব্লক, জেরিয়াট্রিক ওয়ার্ড, মহিলা মেডিসিনের দুই নম্বর ওয়ার্ড, নতুন ভাবে সংস্কার করা পেডিয়াট্রিক ওয়ার্ড এবং সম্প্রসারিত ডায়ালিসিস ইউনিটের উদ্বোধন করেন। তিনি বলেন

### byte CM###

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য বাজেটে সংক্রামক রোগ প্রতিরোধে ৫৩ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। বাজেটে ১০০টি উপস্বাস্থ্য কেন্দ্র খোলার সংস্থান রাখা হয়েছে বলেও উল্লেখ করেন মুখ্যমন্ত্রী। আটটি জেলায় নেশা মুক্ত কেন্দ্র গড়ে তোলা হবে বলেও তিনি জানান। জিবি হাসপাতাল আমাদের স্বাস্থ্য ব্যবস্থায় বড় ভূমিকা পালন করছে এবং জিবি হাসপাতাল সম্পর্কে মানুষকে আরো সচেতন করা দরকার উল্লেখ করে তিনি রাজ্যের বৃহত্তর স্বাস্থ্য পরিষেবা প্রসঙ্গে বলেন

##Byte CM##

অনুষ্ঠানে জিবি হাসপাতালের সুপার ডঃ শংকর চক্রবর্তী  
বলেন.....

##byte Super##

এছাড়াও বক্তব্য রাখেন বিধায়িকা তথা জিবি হাসপাতালের রোগী কল্যাণ সমিতির চেয়ারপার্সন মিনা রানী সরকার, মুখ্যসচিব জে কে সিনহা, স্বাস্থ্য সচিব সন্দীপ এস রাঠোর, ওএনজিসির অ্যাসেট ম্যানেজার কৃষ্ণ কুমার, আগরতলা সরকারী মেডিকেল কলেজের অধ্যক্ষ ডক্টর অনুপ কুমার সাহা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধ দপ্তরের অধিকর্তা ডঃ অঞ্জন দাস, মেডিকেল এডুকেশনের অধিকর্তা ডক্টর এইচপি শর্মা, আগরতলা সরকারি মেডিকেল কলেজের ভাইস প্রিন্সিপাল ডঃ তপন মজুমদার। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন আয়োজক কমিটির সচিব ডঃ কনক চৌধুরী।

উল্লেখ্য, ওএনজিসির ৩৪ কোটি ৪৬ লক্ষ টাকার আর্থিক অনুদানে সংক্রামক রোগের চিকিৎসার জন্য জিবি হাসপাতালে কুড়িটি বিভাগ নিয়ে একটি ত্রিতল ভবন চালু করা হচ্ছে। আজ এবিষয়ে মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে অনুষ্ঠান মঞ্চে ওএনজিসির সঙ্গে জিবি হাসপাতালের মধ্যে স্বাক্ষরিত সময়োত্তা পত্র বিনিময় করা হয়।

\*\*\*\*\*

### Carnival C.M

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা বলেছেন, দুর্গাপূজা শুধু উৎসব নয়, এর সঙ্গে আর্থসামাজিক পরিস্থিতি জড়িয়ে রয়েছে। আজ আগরতলার মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ের সামনে আয়োজিত মায়ের গমন কার্ণিভালের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের সবাইকে নিয়ে চলার যে বার্তা দিয়েছেন রাজ্য সরকারও সেই পথ অনুসরন করে চলেছে। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরার রাজ্য আমলে তুলসীবতী বালিকা বিদ্যালয়ের সামনের রাস্তা দিয়ে দুর্গাপূজার ভাসানের মিছিলের প্রাচীন ঐতিহ্যকে স্মরণে রেখেই এবার কার্ণিভ্যালের স্থান পরিবর্তন করা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন.....

# # # Byte # # #

আগরতলার দশমীঘাটকে ভাসানের জন্য নতুন ভাবে সাজিয়ে তোলা হয়েছে। মুখ্যমন্ত্রী সবাইকে শারদ শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, জনজাতি কল্যাণমন্ত্রী বিকশ দেববর্মা, আগরতলার পুর মেয়র, বিধায়ক দীপক মজুমদার, পশ্চিম ত্রিপুরা জিলা সভাধিপতি বলাই গোস্বামী, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, ইন্টিলিজেন্স বিভাগের মহানির্দেশক অনুরাগ ধ্যানকর, তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব প্রদীপ চক্রবর্তী প্রমুখ। তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব প্রদীপ চক্রবর্তী জানান, ৪৫টি ক্লাব ও পূজা উদ্যোগ্তা কার্ণিভালে

যোগ দেওয়ার জন্য নাম নথীভুক্ত করেছে। কার্নিভালের জন্য কামানচৌমুহনী, পোস্ট অফিস চৌমুহনী বটতলা হয়ে দশমীঘাট পর্যন্ত আগরতলা শহরের বিভিন্ন রাস্তায় নো-এন্ট্রি করা হয়েছে। মাঝের গমন মিছিল দেখতে রাস্তার পাশে প্রচুর লোক সমাগম ঘটেছে।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **Ethanol Bio fuel:**

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গড়করি আজ বলেছেন যে সারা দেশে ইথানল জেব-জ্বালানির ৪০০টি পাম্প স্থাপন করা হচ্ছে। তিনি আজ নতুনদিল্লিতে কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি আয়োজিত বায়োএনার্জি সামিট ২০২৪এ ভাষণ দিচ্ছিলেন। তিনি জোর দিয়ে বলেন যে সরকার তিনটি ভিন্ন অটোমোবাইল ব্র্যান্ডের দ্বারা ফ্লেক্স-ইঞ্জিনের যানবাহন চালু করতে চায়।

সি.এন.জি., ইথানল এবং মিথেনের মতো জেব জ্বালানিতে রূপান্তরের জন্য বর্জ্য পৃথকীকরণের প্রয়োজনীয়তার ওপর জোর

দেন তিনি। তিনি বলেন যে জৈব জ্বালানী অর্থনৈতিকভাবে লাভজনক।

\*\*\*\*\*

### **Carnival, Bishalgarh:**

সিপাহিজলা জেলার বিশালগড়ে আজ সন্ধ্যায় 'মায়ের বিদায়' কার্নিভ্যাল শুরু হয়েছে। বিশালগড় পুর পরিষদ ও বিশালগড় পঞ্চায়েত সমিতির সহায়তায় কার্নিভ্যাল পরিচালন কমিটির উদ্যোগে স্থানীয় ব্রিজ চৌমুহনীতে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক সুশান্ত দেব। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক অন্তরা সরকার দেব, বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন অঞ্জন পুরকায়স্থ, জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল, অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সূত্রধর প্রমুখ। সন্ধ্যা থেকে দুর্গা প্রতিমাগুলি অনুষ্ঠানস্থল হয়ে বিজয় নদের দশমীঘাটের উদ্দেশ্যে শোভাযাত্রা করে রওনা হয়। আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধনের সঙ্গে সাক্ষাৎকারে বিধায়ক সুশান্ত দেব জানান, মাঝে কিছুদিন বন্ধ থাকলেও পুরোনো ঐতিহ্য অনুযায়ী গতবছর থেকে আধুনিকতার ছোঁয়ায় পুণরায় কার্নিভাল শুরু হয়েছে।

\*\*\*\*\*

### **Idols Nironjon:**

গোমতি জেলার তিনটি মহকুমার বিভিন্ন দশমী ঘাটে আজ দুর্গা প্রতিমা নিরঞ্জন চলছে। উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার আমাদের প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে জানিয়েছেন, উদয়পুর পুর পরিষদ এলাকায় দুটি দশমী ঘাটে আজ সকাল থেকেই শুরু হয় প্রতিমা নিরঞ্জন। তিনি জানান, উদয়পুর পুর পরিষদ ও বিপর্য মোকাবিলা বাহিনীর স্বেচ্ছা সেবকরা এই কাজে সহযোগিতা করছেন।

\*\*\*\*\*

### **WAQF Board:**

রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি জানিয়েছেন, রাজ্য ওয়াকফ সম্পত্তি রক্ষণাবেক্ষণে ও এর উন্নতি বিধানে রাজ্য ওয়াকফ বোর্ড কাজ করে চলেছে। আজ কৈলাশহরে আকাশবাণীর' জেলা সংবাদদাতা অনুপম ভট্টাচার্যকে তিনি জানান, চলতি অর্থবছরে ওয়াকফ বোর্ড রাজ্য ৬৬ লক্ষ টাকা ব্যয় করবে। তিনি জানান, সংখ্যালঘু অংশের নাগরিকদের জন্য ধর্মনগর, কৈলাশহর ও বিলোনিয়া'তে মার্কেট স্টল নির্মিত হচ্ছে। রাজ্য দ্বিতীয় থেকে পঞ্চম শ্রেণীতে পাঠরত সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্র-ছাত্রী ঘারা ষাট শতাংশ বা তার বেশি নম্বর পেয়েছে তাদের স্টাইপেন্ড দেওয়া হবে। এজন্য আগামী ত্রিশে নভেম্বর পর্যন্ত দরখাস্ত জমা দেওয়া যাবে। উল্লেখ্য, রাজ্য বর্তমানে ১৮৮৯টি ওয়াকফ সম্পত্তি রয়েছে।

\*\*\*\*\*

### **Pralhad Joshi:**

কেন্দ্রীয় ভোক্তা বিষয়ক মন্ত্রী প্রঞ্চাদ জোশী আজ বলেছেন যে গত ১০বছরে প্রায় ৭৩২ টি পণ্যের জন্য ১৫০টিরও বেশি মান নিয়ন্ত্রণ আদেশ ব্যরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস, BIS দ্বারা জারি করা হয়েছে। নতুনদিল্লিতে বিশ্ব মান দিবসের অনুষ্ঠানে মন্ত্রী বলেন যে জাতীয় মান বাস্তবায়নকে সরকার সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দৃষ্টিভঙ্গির উপর জোর দিয়ে তিনি বলেন, ভারত যাতে তার সেরা মানের জন্য স্বীকৃত হয় এবং ভারতীয় মানগুলিকে আন্তর্জাতিক মানের সমার্থক করে তোলে সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিনি আরও বলেন যে দেশের প্রতিটি নাগরিকের জন্য নিরাপদ নির্ভরযোগ্য ও উচ্চ মানের পণ্য এবং পরিষেবা নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। মন্ত্রী বিআইএস চিহ্নযুক্ত পণ্য ব্যবহার করার জন্য ভোক্তাদের প্রতি আহ্বান জানান।

ভোক্তা বিষয়ক প্রতিমন্ত্রী বিএল ভার্মা সরকার, শিল্প এবং নগরিক সমাজের মধ্যে সহযোগিতার গুরুত্বের উপর জোর দিয়ে, অঙ্গুর্ভুক্তিমূলক উন্নয়নের প্রচারে মানগুলির ভূমিকা তুলে ধরেন।

\*\*\*\*\*

#### **Naidu Trophy:**

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে মহারাষ্ট্রের বিরুদ্ধে ত্রিপুরা লিড নিয়ে সুবিধাজনক অবস্থায় রয়েছে। ওরাঙ্গাবাদে আয়োজিত চারদিনের ম্যাচে স্বাগতিক মহারাষ্ট্রের প্রথম ইনিংসের ১০৭ রানে জবাবে রাজ্যদল ৫ উইকেটে ১৪৬ রান থেকে আজ দ্বিতীয় দিনে খেলতে নেমে প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৭৭ রান করে। ১৭০ রানে পিছিয়ে থেকে মহারাষ্ট্র দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৩ উইকেট হারিয়ে ৬২ রান করে।

\*\*\*\*\*

#### **Ranji Trophy:**

ত্রিপুরা ও উড়িশার মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের ম্যাচটি আজ বাতিল হয়েছে। এম বি বি স্টেডিয়ামের মাঠ খেলার উপযুক্ত না থাকায় শেষ দিনেও খেলা হয় নি। ফলে রঞ্জির প্রথম ম্যাচটি বাতিল হয়। এম্যাচ থেকে উভয় দল এক পয়েন্ট করে পায়।

\*\*\*\*\*

#### **Southwest monsoon:**

সমগ্র ত্রিপুরা থেকে আজ দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু বিদ্যায় নিয়েছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে স্বাভাবিক সময়ের কাছাকাছিই বর্ষা বিদ্যায় নিল। গত বছর দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু সমগ্র ত্রিপুরা থেকে ১৭ই অক্টোবর বিদ্যায় নিয়েছিল। এদিকে, গত ২৪ ঘণ্টায় রাজ্যের আবহাওয়া শুষ্ক রয়েছে।

এদিকে, আগামী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৫.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল থেকে রাজ্য শুষ্ক আবহাওয়া থাকবে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা যায়।

\*\*\*\*\*

\*\*\*\*\*